দৈনিক ইত্তেফাক
তারিখ 18 FEB 1998
পৃষ্ঠা ১২ কলাম ৫

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর চাউল আত্মসাতের অভিযোগ

রামগড় সংবাদদাতা ।। পার্বত্য অঞ্চল রামগড় থানার তালমনিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে গত অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বর মাসের বরাদ্দকৃত মোট ৩ হাজার ৯ শত ১২ কেজি চাউল ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ না করিয়া সংশ্লিষ্ট প্রকল্পের চেয়ারম্যান আত্মসাৎ করিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

রামগড় থানার তালমনিপাড়া সরকারী প্রাইমারী স্কুলের প্রকল্প চেয়ারম্যান করিম উল্লাহ অক্টোবর মাসের ১১২ জন ছাত্র-ছাত্রীর শিক্ষাখাতে বরাদ্দকৃত ১ হাজার ৩ শত ৪৪ কেজি এবং নভেম্বর মাসে ১০৭ জন ছাত্র-ছাত্রীর জন্য বরাদ্দকৃত ১ হাজার ২ শত ৮৪ কেজি খাদ্যশস্য উত্তোলন করে। কিন্তু উত্তোলিত খাদ্যশস্য ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ না করিয়া বাহিরে অন্যত্র বিক্রয় করিয়া ইহার মূল্য প্রায় ত্রিশ হাজার টাকা আত্মসাৎ করিয়াছে বলিয়া এলাকাবাসী লিখিতভাবে রামগড় থানা শিক্ষা অফিসারের নিকট অভিযোগ করে। রামগড় থানা নির্বাহী অফিসার এবং থানা শিক্ষা অফিসার যৌথভাবে তালমনিপাড়া এলাকায় তদন্ত করেন। তদন্তে সরকারী খাদ্যশস্য প্রজেক্ট চেয়ারম্যান আত্মসাৎ করার সত্যতা পাওয়া যায় এবং জেলা প্রশাসকের নিকট তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হইয়াছে বলিয়া থানা শিক্ষা কর্মকর্তা জানান। পরবর্তীতে উক্ত বিদ্যালয়ের প্রকল্প চেয়ারম্যান ডিসেম্বর মাসের ১০৭ জন ছাত্র-ছাত্রীর শিক্ষা খাতের মোট ১ হাজার ২ শত ৮৪ কেজি খাদ্যশস্য উত্তোলন করিলেও ৮ই ফেব্রুয়ারী শেষ খবর পাওয়া পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয় নাই বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। ডিসেম্বরের বরাদ্দকৃত খাদ্যশস্যও আত্মসাৎ করা হইয়াছে বলিয়া এলাকার জনগণ আশংকা প্রকাশ করিয়াছে।

এই ব্যাপারে রামগড় থানা শিক্ষা অফিসার খোরশেদ আলম জানান, গত অক্টোবর হইতে ডিসেম্বর পর্যন্ত মোট ৩ মাসের প্রকল্পের কোন মাষ্টার রোল দপ্তরে জমা হয় নাই।